**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
নার্সিং শিক্ষা শাখা
*www.mefwd.gov.bd*

স্মারক নং-৫৯.০০.০০০০.১৪৩.৯৯.০০৪.২৩.৫৩

তারিখ: ২৬ মাঘ ১৪৩১ / ০৯ ফেব্রুয়ারি ২০২৫

বিষয়: **বিএসসি ইন নার্সিং, ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তি নীতিমালা, ২০২৫ ওয়েব সাইটে প্রকাশ**

সূত্র: বিএনএমসি এর পত্র নং-বিএনএমসি/প্রশা-৩৪ (অংশ-৫)/২০২৫.১১২ তারিখ: ০৩ ফেব্রুয়ারি ২০২৫

উপর্যুক্ত বিষয় ও সুত্রোক্ত পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক বিএসসি ইন নার্সিং, ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তি নীতিমালা, ২০২৫ (কপি সংযুক্ত) এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০২ (দুই) পাতা

০৯/০২/২৫

(শাহ্ নুসরাত জাহান)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৫৫১০০৯৭৯
ই-মেইল: **nurs@mefwd.gov.bd**

প্রোগ্রামার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্মারক নং-৫৯.০০.০০০০.১৪৩.৯৯.০০৪.২৩.৫৩

তারিখ: ২৬ মাঘ ১৪৩১ / ০৯ ফেব্রুয়ারি ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

০১। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
০২। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
০৩। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, বিজয়নগর, ঢাকা
০৪। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
০৫। যুগ্মসচিব (নার্সিং শিক্ষা অধিশাখা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

০৯/০২/২৫

(শাহ্ নুসরাত জাহান)
সিনিয়র সহকারী সচিব

# বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

২০৩ শহীদসৈয়দনজরুলইসলামস্মরণী, বিজয়নগর, ঢাকা-১০০০
www.bnmc.gov.bd

স্মারকনং-বিএনএমসি/প্রশা-৩৪ (অংশ-৫)/২০২৫- ১১২ তারিখঃ ০৩ ফেব্রুয়ারি ২০২৫

## বিএসসি ইন নার্সিং, ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তি নীতিমালা, ২০২৫

১. **শিরোনাম:** এ নীতিমালা "বিএসসি ইন নার্সিং, ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তি নীতিমালা, ২০২৫" নামে অভিহিত হবে।

২. **প্রযোজ্যতা:** এ নীতিমালা বাংলাদেশের সরকারি, স্বায়ত্তশাসিত (সামরিক-বেসামরিক), বেসরকারি নার্সিং ও মিডওয়াইফারি কলেজ/ইনস্টিটিউটে ভর্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে। এটি স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় অনুমোদিত এবং বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠানে পরিচালিত (ক) ৪ বছর মেয়াদি বিএসসি ইন নার্সিং (খ) ৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং (গ) ৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তির ক্ষেত্রে ২০২৪-২৫ শিক্ষাবর্ষ হতে কার্যকর হবে।

৩. **প্রার্থীর যোগ্যতাঃ**

৩.১ প্রার্থীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

৩.২ ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং ও ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্সে ভর্তির ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠানে নির্দিষ্ট আসনের ১০% পুরুষ প্রার্থীর জন্য সংরক্ষিত থাকবে। বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে নির্দিষ্ট আসনের সর্বোচ্চ ২০% পুরুষ প্রার্থী ভর্তি করা যাবে। ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে শুধু মহিলা প্রার্থী আবেদনের যোগ্য হবে।

৩.৩ প্রাথমিকভাবে ভর্তি পরীক্ষায় নির্বাচিত প্রার্থীদের প্রতিষ্ঠান কর্তৃপক্ষের ব্যবস্থাপনায় স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হলে ভর্তিযোগ্য বলে বিবেচিত হবে।

৩.৪ প্রার্থীকে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষায় আবেদন করার জন্য ২০২২, ২০২৩ অথবা ২০২৪ সালে এইচএসসি/সমমান এবং ২০২০, ২০২১ অথবা ২০২২ সালে এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। তবে এসএসসি ও এইচএসসি বা সমমানের দুই পরীক্ষার মধ্যবর্তী সময়ের ব্যবধান কোনোভাবেই ০৩ (তিন) বছরের অধিক হতে পারবে না।

৩.৫ জিপিএ নির্ধারণঃ

(ক) **বিএসসি ইন নার্সিং:** প্রার্থীকে বিজ্ঞান বিভাগে এসএসসি ও এইচএসসি বা সমমানের দুটি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। দুটি পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৭.০০ থাকতে হবে। তবে কোন পরীক্ষায় জিপিএ ৩.০০ এর কম হবে না। প্রার্থীকে এইচএসসি/সমমানের পরীক্ষায় জীববিজ্ঞানে জিপিএ ন্যুনতম ২.৫০ থাকতে হবে।

(খ) **ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি ও ডিপ্লোমা ইন মিডওয়াইফারি:** প্রার্থীকে যে কোন বিভাগ হতে এসএসসি ও এইচএসসি বা সমমান দুটি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। দুটি পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৬.০০ থাকতে হবে। তবে কোন একটি পরীক্ষায় জিপিএ ২.৫০ এর কম হবে না।

৩.৬ ইংরেজি মাধ্যমে অধ্যয়কারীগণের বিএসসি ইন নার্সিং এর ক্ষেত্রে 'এ, লেভেলে জীববিজ্ঞান (Biology) পাঠ্য থাকতে হবে। প্রার্থীকে কাউন্সিল-নির্ধারিত ফি প্রদানপূর্বক বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল থেকে সমতাকরণ সনদ সংগ্রহ করতে হবে।

৪. **ভর্তি পরীক্ষার নিয়ম:**

৪.১ এসএসসি বা সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ ৫ এর গুণিতক হিসেবে ২৫ নম্বর; এইচএসসি বা সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ ৫ এর গুণিতক হিসেবে ২৫ নম্বর, মোট ৫০ নম্বর এবং ১০০ নম্বরের এমসিকিউ পরীক্ষায় প্রাপ্ত নম্বরের যোগফল থেকে জাতীয় মেধা অনুযায়ী প্রার্থী নির্বাচন করা হবে।

৪.২ বিএসসি ও ডিপ্লোমা কোর্সের জন্য পৃথক পৃথক প্রশ্নপত্রে ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে।

৪.৩ বিএসসি ইন নার্সিং কোর্সের জন্য এমসিকিউ পদ্ধতিতে বাংলা-২০, ইংরেজি-২০, গণিত-১০, বিজ্ঞান-৪০ (জীববিজ্ঞান, পদার্থ ও রসায়ন) এবং সাধারণ জ্ঞান-১০ নম্বরের অর্থাৎ মোট ১০০ নম্বরের এমসিকিউ পরীক্ষা গ্রহণ করা হবে। পাশ নম্বর ৪০ (চল্লিশ) নির্ধারিত থাকবে।

৪.৪ ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সের জন্য এমসিকিউ পদ্ধতিতে বাংলা-২০, ইংরেজি-২০, সাধারণ গণিত-১০, সাধারণ বিজ্ঞান-৩০ এবং সাধারণ জ্ঞান-২০ নম্বরের অর্থাৎ মোট ১০০ নম্বরের এমসিকিউ পরীক্ষা গ্রহণ করা হবে। পাশ নম্বর ৪০ (চল্লিশ) নির্ধারিত থাকবে।

৪.৫ অকৃতকার্য (অনুত্তীর্ণ) প্রার্থীগণ কোনো সরকারি/বেসরকারি নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ পাবে না।

৪.৬ এক কোর্সের জন্য ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী কোনোভাবেই অন্য কোর্সে ভর্তি হতে পারবে না।

### ৫. ফলাফল প্রস্তুত/ প্রার্থী বাছাই/ নির্বাচনের নিয়মাবলি:

৫.১ জাতীয় মেধার ভিত্তিতে প্রার্থী নির্বাচন করা হবে। সরকারি প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে প্রার্থীর নির্বাচনী পরীক্ষার মেধাক্রম ও প্রার্থী কর্তৃক প্রদত্ত পছন্দের ক্রমানুসারে প্রার্থী কোন প্রতিষ্ঠানে ভর্তি হবে তা নির্ধারিত হবে। বেসরকারি প্রতিষ্ঠানে ভর্তির ক্ষেত্রে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মধ্য থেকে বেসরকারি প্রতিষ্ঠানে আবেদন দাখিলকারী শিক্ষার্থীদের মেধাক্রম অনুসারে গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি ভর্তির অনুমোদন প্রদান করবে।

৫.২ ভর্তি কমিটি কর্তৃক অনুমোদিত চূড়ান্ত তালিকার সঙ্গে প্রার্থীদের মেধাভিত্তিক যৌক্তিক সংখ্যক অপেক্ষমাণ তালিকা কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশসহ নথিতে সংরক্ষণ করা হবে।

৫.৩ চূড়ান্ত তালিকা অনুযায়ী নির্বাচিত প্রার্থীগণকে কাউন্সিল কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি পূর্বক কোর্সে যোগদান করতে হবে। সরকারি প্রতিষ্ঠানে ভর্তির জন্য নির্ধারিত তারিখ শেষে শূন্য আসনসমূহের বিপরীতে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের পছন্দ অনুযায়ী প্রতিষ্ঠান পরিবর্তনের (অটোমাইগ্রেশন) সুযোগ দেওয়া হবে। মাইগ্রেশন শেষে প্রাপ্ত শূন্য আসনসমূহ অপেক্ষমাণ তালিকা থেকে মেধাক্রম অনুসারে পূরণ করা হবে। ৪৫ কার্যদিবসের মধ্যে মাইগ্রেশন প্রক্রিয়া মোট ০৩(তিন)বারে সম্পন্ন করা হবে। বর্ণিত নিয়ম ব্যতিত কোনোভাবে এক সরকারি নার্সিং প্রতিষ্ঠান হতে অন্য সরকারি প্রতিষ্ঠানে মাইগ্রেশন হওয়া বা করা যাবে না।

৫.৫ বেসরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী রেজিস্ট্রেশন সম্পন্ন হওয়ার পরে কোনোভাবেই মাইগ্রেশন করা যাবে না। কাউন্সিল ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার ৫ মাসের মধ্যে শিক্ষার্থী রেজিস্ট্রেশনের কার্যসম্পাদন করবে।

৫.৬ অভিন্ন ভর্তি পরীক্ষায় উত্তীর্ণদের মেধাক্রম অনুযায়ী সরকারি প্রতিষ্ঠানে ভর্তির কার্যক্রম সম্পন্নের পর অবশিষ্ট উত্তীর্ণ প্রার্থীরা তাদের স্ব স্ব পছন্দ অনুযায়ী আসন খালি থাকা সাপেক্ষে যেকোনো বেসরকারি প্রতিষ্ঠানে ভর্তি হতে পারবে।

৫.৭ সরকারি নার্সিং কলেজ/ইনস্টিটিউট কর্তৃপক্ষ সিডিউল অনুযায়ী ভর্তিকৃতদের তালিকাসহ প্রতিবেদন মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর (ডিজিএনএম) ও রেজিস্ট্রার, বিএনএমসি-কে এবং বেসরকারি, স্বায়ত্তশাসিত, সামরিক-আধাসামরিক নার্সিং কলেজ/ইনস্টিটিউট কর্তৃপক্ষ বিএনএমসিকে তাৎক্ষণিকভাবে অবহিত করবেন।

### ৬. সংরক্ষিত আসন :

সংরক্ষিত আসনের ক্ষেত্রে ভর্তি পরীক্ষার দিন কার্যকর সরকারের সর্বশেষ বিধি-বিধান প্রযোজ্য হবে। তবে কোনো সংরক্ষিত আসনে উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে সাধারণ মেধাক্রমের ভিত্তিতে শিক্ষার্থী ভর্তি করা হবে।

### ৭. সার্টিফিকেটসমূহ যাচাই (Verification):

ভর্তির পর সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ প্রত্যেক ছাত্র/ছাত্রীর এসএসসি ও এইচএসসি বা সমমান পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্র সংশ্লিষ্ট শিক্ষাবোর্ডের মাধ্যমে যাচাই (Verification) করবেন।

### ৮. কারিকুলাম ও ইন্টার্নশিপ:

সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে (ক) ৪ বছর মেয়াদি বিএসসি ইন নার্সিং (খ) ৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং (গ) ৩ বছর মেয়াদি ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সের ছাত্র/ছাত্রীদেরকে বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল (বিএনএমসি) অনুমোদিত কারিকুলাম অনুযায়ী শিক্ষা কার্যক্রম সম্পাদন করতে হবে। কোর্স শেষে সকল শিক্ষার্থীর জন্য ৬ (ছয়) মাস ইন্টার্নশিপ বাধ্যতামূলক। ইন্টার্নশিপ গ্রহণের প্রতিশ্রুতি স্বরূপ প্রত্যেক ছাত্র ছাত্রীকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ভর্তির সময় একটি অঙ্গীকারনামা অভিভাবকের প্রতিস্বাক্ষরসহ দাখিল করতে হবে।

### ৯. মেধাবী-অসচ্ছল কোটা:

বেসরকারি প্রতিষ্ঠানের জন্য ৫% আসন মেধাবী-অসচ্ছল ছাত্র/ছাত্রীদের জন্য সংরক্ষিত থাকবে। কোন বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃপক্ষ এরূপ আসনের ছাত্র/ছাত্রীদের জন্য সরকারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য বেতন-ভাতাদি ও সেশন চার্জের অতিরিক্ত কোনো প্রকার ফি গ্রহণ করতে

পারবে না। ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্য হতে মেধাবী-অসচ্ছল কোটায় বিএনএমসি কর্তৃক নির্ধারিত ফর্মে আবেদন করতে হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের গর্ভনিং বডি/ব্যবস্থাপনা কমিটির সভায় সাক্ষাৎকার গ্রহণের মাধ্যমে মেধাবী-অসচ্ছল কোটার শিক্ষার্থী নির্বাচন করবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ মেধাবী-অসচ্ছল কোটায় ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকা কাউন্সিলকে তাৎক্ষণিক প্রেরণ করবেন।

১০. **বিদেশি শিক্ষার্থীদের ভর্তি ও আসন সংরক্ষণ:**

১০.১ 'বেসরকারি পর্যায়ে নার্সিং কলেজ/নার্সিং প্রতিষ্ঠান স্থাপন ও নার্সিং কোর্স চালুকরণ সংক্রান্ত নীতিমালা ২০০৯'-এর ৬.৮(২) অনুচ্ছেদ অনুযায়ী বিদেশি ছাত্র/ছাত্রী ভর্তির যোগ্য বেসরকারি কলেজসমূহে মোট আসনের এক তৃতীয়াংশ বিদেশি ছাত্র/ছাত্রীদের জন্য সংরক্ষিত থাকবে। বিদেশি ছাত্র/ছাত্রী পাওয়া না গেলে দেশি ছাত্র/ছাত্রী দ্বারা এ আসন পুরণ করা যাবে। তবে দেশি ছাত্র/ছাত্রীদের ভর্তির ক্ষেত্রে যে পরিমাণ ফি নির্ধারিত এ ক্ষেত্রে তাই প্রযোজ্য হবে। কোনো অবস্থায়ই বিদেশি হারে ফি-সমূহ আদায় করা যাবে না।

১০.২ বিদেশি ছাত্র/ছাত্রীদের আবেদনপত্র, এসএসসি ও এইচএসসি বা সমমান সার্টিফিকেট এবং ট্রান্সক্রিপ্ট নিজ নিজ দেশের পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক উক্ত দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসের মাধ্যমে নির্দিষ্ট সময়ের মধ্যে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। পররাষ্ট্র মন্ত্রণালয় নির্দিষ্ট সময়ের মধ্যে তা স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগে প্রেরণ করবে। বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের অনুমোদনক্রমে নম্বর (মার্কস) সমতাকরণসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। নম্বর (মার্কস) সমতাকরণ প্রতিবেদনের আলোকে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ ভর্তির অনুমতি প্রদান করবে।

১১. **ভর্তি কমিটি:**
ভর্তি কার্যক্রম পরিচালনার জন্য স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কর্তৃক অনুমোদিত একটি ভর্তি কমিটি থাকবে। ভর্তি সংক্রান্ত বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১২. **শাস্তিমূলক ব্যবস্থা:**

১২.১ ভর্তির পূর্বে বা পরে দেশি বা বিদেশি ছাত্র/ছাত্রীর কারো কোন তথ্য (যা ভর্তি প্রক্রিয়ায় ব্যবহৃত হয়েছে) মিথ্যা বা ভুল প্রমাণিত হলে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃপক্ষ সাথে সাথে তার ভর্তি বাতিল করাসহ প্রচলিত আইন অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবে।

১২.২ কোনো বেসরকারি প্রতিষ্ঠানে অনুমোদিত আসনের অতিরিক্ত শিক্ষার্থী ভর্তি হলে বিধি মোতাবেক উক্ত প্রতিষ্ঠানের অনুমোদন বাতিল করা হবে।

১২.৩ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করেনি/পরীক্ষায় অকৃতকার্য হয়েছে এরূপ কোনো শিক্ষার্থীকে কোনো নার্সিং কলেজ/ইনস্টিটিউটে ভর্তি করা হলে বিধি মোতাবেক সংশ্লিষ্ট নার্সিং প্রতিষ্ঠানের অনুমোদন বাতিল করা হবে।

১৩. **রহিতকরণ ও হেফাজতকরণ:**
এই নীতিমালা জারির তারিখ হতে "বিএসসি ইন নার্সিং, ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এবং ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে ভর্তি নীতিমালা-২০২৪ বাতিল বলে গণ্য হবে। তবে, উক্ত নীতিমালার অধীন কোনো কার্য বা ব্যবস্থা অনিষ্পন্ন বা চলমান থাকলে, উহা উক্ত নীতিমালার বিধান অনুসারে নিষ্পত্তি করতে হবে।

ডা. মো: সারোয়ার বারী
প্রেসিডেন্ট, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল
এবং
সচিব (চিকিৎসা শিক্ষা অনুবিভাগ)
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ